# নিউমুরিং টার্মিনাল ইজারা ইস্যুতে চট্টগ্রাম বন্দরে অনির্দিষ্ট কর্মবিরতি




ছবি: সংগৃহীত

ডিপি ওয়ার্ল্ডকে নিউমুরিং কন্টেইনার টার্মিনাল ইজারা দেওয়ার সিদ্ধান্তের প্রতিবাদে অনির্দিষ্টকালের কর্মবিরতির ঘোষণা দিয়েছে চট্টগ্রাম বন্দর রক্ষা সংগ্রাম পরিষদ। সোমবার (৩ ফেব্রুয়ারি) বিকেলে এক সংবাদ ব্রিফিংয়ে নেতারা এ কর্মসূচির কথা জানান। পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী, সোমবার সকাল ৮টা থেকে ২৪ ঘণ্টার কর্মবিরতিও পালন করছেন আন্দোলনকারীরা। একই দাবিতে সকাল ১১টা থেকে চট্টগ্রাম শ্রমিক–কর্মচারী ঐক্য পরিষদের নেতৃত্বে ইসহাক ডিপো সংলগ্ন টোল প্লাজায় সড়ক অবরোধ করা হয়।

টানা চার দিনের কর্মবিরতিতে বন্দর ও বেসরকারি আইসিডিগুলোতে তীব্র কন্টেইনার জট তৈরি হয়েছে। এতে পণ্য পরিবহন ব্যাহত হয়ে ব্যবসায়ীরা ক্ষতির মুখে পড়ছেন। বন্দর এলাকায় সভা–সমাবেশে নিষেধাজ্ঞা থাকায় অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে বিভিন্ন প্রবেশপথে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

LENS ASIA